জিয়ার ছবি বাদ দেওয়ায় জয়পুরহাটের ডিসির অপসারণ দাবি ছাত্রদলের


বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল
জয়পুরহাট জেলা শাখা
২নং রেশন রোড, জয়পুরহাট।
মোবাইল: ০১৭১৪-৫৯৩৪৪৭, ০১৭৮৬-০৬৯৮৯০

প্রেস বিজ্ঞপ্তি

তীব্র নিন্দা ও প্রতিবাদ



ছবি: সংগৃহীত

জয়পুরহাটে ৭ নভেম্বরের আলোচনা সভায় জিয়াউর রহমানের ছবি ছাড়া ব্যানার তৈরি এবং এক বক্তার বক্তব্য ঘিরে সৃষ্ট বিতর্কে জেলা প্রশাসকের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে জেলা ছাত্রদল। তাঁকে আগামী ৭২ ঘণ্টার মধ্যে দায়িত্ব থেকে সরানোর দাবি জানিয়েছে সংগঠনটি। দাবি পূরণ না হলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারিও দেওয়া হয়েছে।

শনিবার (৭ নভেম্বর) রাতে জেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক নাইম ইসলামের স্বাক্ষরে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়। জেলা ছাত্রদলের সভাপতি এ কে এম গোলাম মাহফুজ শুভ ও সাধারণ সম্পাদক কে এম শাকিল হোসেনের নির্দেশনায় বিবৃতিটি দেওয়া হয়েছে। শুভ সংবাদ বিজ্ঞপ্তির বিষয়টি নিশ্চিত করেছেন।

বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়, জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের অনুষ্ঠানের ব্যানারে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের (বীর উত্তম) ছবি রাখা হয়নি। একই অনুষ্ঠানে এক বক্তা শেখ মুজিবুর রহমানকে বারবার ‘জাতির পিতা’ বলে সম্বোধন করলেও জেলা প্রশাসক এ বিষয়ে কোনো পদক্ষেপ নেননি। ছাত্রদল এ ঘটনাকে কেন্দ্র করে তাঁর বিরুদ্ধে অসন্তোষ প্রকাশ করেছে।

এর আগে শনিবার জয়পুরহাট জেলা শিল্পকলা একাডেমিতে জেলা প্রশাসনের আয়োজনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের ব্যানারে জিয়াউর রহমানের ছবি না থাকায় সেখানে উপস্থিত বিএনপি নেতাকর্মীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। পরে ব্যানারে তাঁর ছবি যুক্ত করার পর অনুষ্ঠান শুরু হয়। তবে এক বক্তার বক্তব্যকে কেন্দ্র করে আবারও হট্টগোল হয়।

পরিস্থিতি নিয়ে জেলা প্রশাসক দুঃখ প্রকাশ করে ক্ষমা চান। পরে জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী ঘটনাটি তদন্তের নির্দেশ দেন।